

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

তারিখঃ ১১/০৫/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং- ৮৩০/২০২৬

জনাব মোঃ শফিকুল ইসলাম, গেজপাঠক, বিআইডব্লিউটিএ গেজ স্টেশন, পাগলা, ফতুল্লা, নারায়ণগঞ্জ নিজ কর্মস্থলে উপস্থিত না থেকে নিয়ন্ত্রণ কর্মকর্তার অনুমতি ব্যতিরেকে ঢাকা অফিসে এসে গত ১৩/০৪/২০২৬খ্রিঃ তারিখ রোজ সোমবার আনুমানিক সকাল ১০.০০ হতে ১০.২০ ঘটিকা সময়ের মধ্যে কর্মচারী ইউনিয়ন কার্যালয়ের ভিতরে জনাব মোঃ মিজানুর রহমান, লিফট অপারেটর, পরিকল্পনা ও নব্বা সার্কেল, প্রকৌশল বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে অশ্লীল ও অকথ্য ভাষায় গালি-গালাজ করেন এবং গলা টিপে ধরে তার বুক পিঠে এলোপাখাড়ি কিল-ঘুঘি মেরে শারিরিকভাবে নির্যাতন করাসহ উক্ত মারামারির ঘটনা কাউকে না বলার জন্য হুমকি প্রদর্শন করেন মর্মে জনাব মোঃ মিজানুর রহমান, লিফট অপারেটর কর্তৃক চেয়ারম্যান মহোদয় বরাবর গত ১৫/০৪/২০২৬খ্রিঃ তারিখ জনাব মোঃ শফিকুল ইসলাম, গেজপাঠক এর বিরুদ্ধে একটি অভিযোগপত্র দাখিল করা হয় (কপি সংযুক্ত)। উল্লিখিত অভিযোগের বিষয়ে যাচাই-বাছাই পূর্বক সত্যতা নিরূপণ, প্রকৃত তথ্য উদঘাটন এবং দায়ী ব্যক্তিদের চিহ্নিতকরণ সহ পরবর্তী করণীয় বিষয়ে প্রতিবেদন দাখিলের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হলো :

(১) জনাব এস. এম. আজগর আলী
যুগ্ম-পরিচালক(উদ্ধার)
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

আহ্বায়ক

(২) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান
উপ-পরিচালক(জরিপ)
হাইড্রোগ্রাফি বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

সদস্য

(৩) জনাব মোঃ শহীদুল ইসলাম
সহকারী পরিচালক
অর্থ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

সদস্য

২। তদন্ত কমিটির কার্যপরিধি (TOR) নিম্নরূপঃ

- ক) অভিযোগের বিষয়ে যাচাই-বাছাই পূর্বক সত্যতা নিরূপণ, প্রকৃত তথ্য উদঘাটন এবং দায়ী ব্যক্তিদের চিহ্নিতকরণ করবেন;
- খ) কমিটি এতদ্বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে সুপারিশ প্রণয়ন করবেন;
- গ) ৭(সাত) কর্মদিবসের মধ্যে সুনির্দিষ্ট সুপারিশসহ স্বয়ংসম্পূর্ণ তদন্ত প্রতিবেদন কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট পেশ করবেন

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত
(নাহিদা বিনতে সাঈদ)
উপ-পরিচালক (মানব সম্পদ)



নথি নং-১৮.৭০৭.০৩২.০১.০৪.১৮৮.২০১১/৪৮৭

তারিখঃ ১১/০৫/২০২৬খঃ

বিতরণঃ

- (ক) জনাব এস. এম. আজগর আলী যুগ্ম-পরিচালক(উদ্বার), নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।
- (খ) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-পরিচালক(জরিপ), হাইড্রোগ্রাফি বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।
- (গ) জনাব মোঃ শহীদুল ইসলাম, সহকারী পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। পরিচালক, হাইড্রোগ্রাফি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৬। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ১০। নথি।

১১/০৫/২০২৬
উপ-পরিচালক (মানব সম্পদ)